অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/16/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

আবাসন বৈষম্য মোকাবেলায় রিয়েল এস্টেট পেশাদারদের জন্য নতুন প্রবিধান ঘোষণা করেছেন গভর্নর কুওমো

রিয়েল এস্টেট বোর্ড নতুন প্রবিধান অনুমোদন করেছে, গভর্নর কুওমোর নির্দেশনা অনুসরণ করে

নতুন প্রবিধান ন্যায্য হাউজিং নির্দেশনার বর্ধিত প্রকাশ এবং ভিডিও রেকর্ডিং বাধ্যতামূলক করে

60 দিনের সর্বজনীন মন্তব্য পর্বের জন্য স্টেট রেজিস্টারে প্রবিধান রাখা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আবাসন বৈষম্য মোকাবেলায় সহায়তা করার জন্য রিয়েল এস্টেট পেশাদারদের জন্য নতুন প্রবিধান ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট রিয়েল এস্টেট বোর্ড আজ যে নতুন প্রবিধান অনুমোদন করেছে, তা রিয়েল এস্টেট পেশাদারদের দ্বারা বর্ধিত প্রকাশ বাধ্যতামূলক করে যাতে প্রত্যাশিত বাড়ির ক্রেতা, ভাড়াটে, বিক্রেতা এবং বাড়িওয়ালারা নিউ ইয়র্ক স্টেট আইনের অধীনে তাদের অধিকার ও সুরক্ষা সম্পর্কে যথেষ্ট তথ্য পায় তা নিশ্চিতে সাহায্য করতে।

"আবাসন বৈষম্য সম্পূর্ণ অগ্রহণযোগ্য এবং এটা আইনবিরুদ্ধও। নিরাপদ, সুলভ আবাসনের কথা এলে ভাড়াটে ও গৃহমালিকরা যাতে যেকোনো ও সব বৈষম্যমূলক কাজ থেকে রক্ষা পায় তা নিশ্চিতে সাহায্য করার জন্য দ্রুত ব্যবস্থা নিচ্ছে নিউ ইয়র্ক স্টেট," **গভর্নর কুওমো বলেন**। "এই নতুন প্রবিধান এবং প্রোটোকল যে কেউ একটি বাসা ভাড়া বা ক্রয় করতে চাইলে তাকে তার অধিকার সম্পর্কে জানে কিনা তা নিশ্চিতে সাহায্য করবে যাতে তারা অবিবেচক রিয়েল এস্টেট দালাল এবং বাড়িওয়ালাদের শিকার না হন।"

21 নভেম্বর, গভর্নর কুওমো, মানবাধিকার বিভাগের সাথে পরামর্শ করে, লং আইল্যান্ডে আবাসন বৈষম্যের বিষয়ে একটি নিউজডে প্রতিবেদনের প্রতিক্রিয়াস্বরূপ আবাসন বৈষম্য মোকাবেলার বেশ কিছু ধাপের অন্যতম হিসেবে নতুন প্রবিধান জারি করার জন্যস্টেট ডিপার্টমেন্টকে নির্দেশ দেন।

নতুন প্রবিধানে নিম্নলিখিত বিষয়গুলি আবশ্যক:

- **ন্যায্য আবাসন আইনের প্রজ্ঞাপন।** রিয়েল এস্টেট দালালরা তাদের তত্ত্বাবধানে কর্মরত প্রত্যেক লাইসেন্সধারী পেশাজীবী সম্ভাব্য বাড়ির ক্রেতা, ভাড়াটে, বিক্রেতা এবং জমিদারদের

জন্য ন্যায্য আবাসন এবং নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইনের একটি প্রকাশনা প্রদান করার জন্য দায়বদ্ধ থাকবেন। স্টেট ডিপার্টমেন্ট (Department of State) দ্বারা সজ্জিত করা প্রকাশনাটি ইমেইল, টেক্সট, ফেসিমাইল, হার্ডকপি বা অন্যান্য ইলেকট্রনিক মেসেজিং সার্ভিসের মাধ্যমে প্রত্যাশিত পক্ষকে দিতে হবে। একজন রিয়েল এস্টেট পেশাজীবী দ্বারা পরিচালিত এটা দেখিয়ে প্রকাশনাটি প্রতিটি উন্মুক্ত বাড়িতে বা রিয়েল এস্টেটে উপলব্ধ রাখতে হবে।

- **ন্যায্য আবাসন আইনের পোস্টিং।** রিয়েল এস্টেট দালালদের প্রতিটি অফিস এবং শাখায় অবশ্যই আবাসন ব্যবস্থা এবং কিভাবে ভোক্তাগণ অভিযোগ দায়ের করবেন সে সম্পর্কিত মানবাধিকার আইনের সুরক্ষার বিষয়টি তুলে ধরে একটি বিজ্ঞপ্তি প্রদর্শন ও রক্ষণাবেক্ষণ করতে হবে। ফুটপাথ বা অন্যান্য সুস্পষ্ট স্থান থেকে বিজ্ঞপ্তিটি অবশ্যই দৃশ্যমান হতে হবে। এই নিজ্ঞপ্তিটি রিয়েল এস্টেট দালাল, রিয়েল এস্টেট বিক্রেতা এবং রিয়েল এস্টেট দলগুলোর দ্বারা তৈরি এবং রক্ষণাবেক্ষণ করা সব ওয়েবসাইটে স্পষ্টরূপে প্রদর্শিত হতে হবে। এছাড়া একজন রিয়েল এস্টেট পেশাজীবী দ্বারা পরিচালিত প্রতিটি উন্মুক্ত বাড়িতে এই বিজ্ঞপ্তিটি উপলব্ধ রাখতে হবে।
- **ভিডিও রেকর্ডিং এবং রেকর্ড সংরক্ষণ।** ন্যায্য আবাসন এবং/অথবা স্থাবর সম্পত্তির বিক্রয় বা ভাড়ায় বা স্থাবর সম্পত্তি সংক্রান্ত একটি স্বার্থে বৈষম্য সংক্রান্ত নির্দেশনা প্রদানের জন্য অনুমোদিত প্রত্যেক সংস্থাকে প্রত্যেক কোর্সের নির্দেশনার সম্পূর্ণ ভিডিও ও অডিও রেকর্ড করতে হবে। অনুমোদিত সংস্থাকে কোর্সটি ডেলিভারির তারিখের পর থেকে এক বছরের জন্য রেকর্ডিংটি রাখতে হবে।

সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেন, "স্টেট ডিপার্টমেন্ট সব ধরনের বৈষম্য গুরুত্বের সাথে গ্রহণ করে এবং ন্যায্য আবাসন আইন কার্যকর করার জন্য জোরদারভাবে কাজ করে কারণ এটি রিয়েল এস্টেট পেশাজীবীদের সাথে সম্পর্কযুক্ত। এই নতুন প্রবিধান শুধু স্পষ্ট করে বলে না যে বৈষম্য বরদাস্ত করা হবে না, এগুলো নিউ ইয়র্কবাসীগণ যখন একটি বাড়ি খুঁজছেন তখন তাদের অধিকার সম্পর্কে আরো ভালোভাবে বুঝতেও সাহায্য করবে।"

মানবাধিকার বিভাগের (Division of Human Rights) কমিশনার অ্যাঞ্জেলা ফার্নান্ডেজ বলেন, "মানবাধিকার বিভাগ রিয়েল এস্টেট শিল্পের সঙ্গে সম্পর্কযুক্ত হওয়ায় নতুন প্রবিধানগুলি জোরদারভাবে কার্যকর করবে। সকল নিউ ইয়র্কবাসীর বৈষম্য মুক্ত থাকার অধিকার রয়েছে এবং এই বিভাগ সবার জন্য ন্যায্য বাসস্থানের সুযোগ নিশ্চিত করার জন্য প্রতিটি রিসোর্স ব্যবহার করবে।"

নিউ ইয়র্ক স্টেট বিধি প্রণয়ন পদ্ধতি অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেট রেজিস্টার-এ এই নতুন প্রবিধান প্রকাশিত হবে 60 দিনের একটি সর্বজনীন মন্তব্যের জন্য।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন